আপনার সেভ ফর কলেজ প্রোগ্রাম-এর যাত্রা

আমরা একসাথে কলেজ এবং ক্যারিয়ার প্রশিক্ষণের জন্য সঞ্চয় করছি! সেভ ফর কলেজ প্রোগ্রাম (Save for College Program)-এর সঙ্গে শুরু করতে এই পদক্ষেপগুলি নিন:

স্কুল বছর 2022-2023* অনুযায়ী, **একটি NYC পাবলিক স্কুলে (অংশগ্রহণকারী চার্টার স্কুল সহ) নথিভুক্ত প্রতিটি কিন্ডারগার্টেন এবং প্রথম শ্রেণির শিক্ষার্থী অংশগ্রহণের যোগ্য** পারিবারিক আয় বা অভিবাসন অবস্থা নির্বিশেষে।

আপনার সন্তান স্বয়ংক্রিয়ভাবে প্রাথমিক $100 সহ একটি বিনামূল্যের NYC স্কলারশিপ অ্যাকাউন্ট (NYC Scholarship Account) পাবে যদি না আপনি অংশগ্রহণ না করা এবং অপ্ট আউট করা বেছে নেন। যতক্ষণ না আপনি অপ্ট-আউট প্রক্রিয়া চলাকালীন **কোনও পদক্ষেপ** না নেবেন, আপনার সন্তান স্বয়ংক্রিয়ভাবে সেভ ফর কলেজ প্রোগ্রাম-এ নথিভুক্ত হবে।

1 অনলাইনে আপনার সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্ট সক্রিয় করুন এবং দেখুন

একবার আপনার সন্তান সেভ ফর কলেজ প্রোগ্রাম-এ নথিভুক্ত হয়ে গেলে, এখানে যান **nyckidsrise.org/activate** এবং "অ্যাকাউন্ট সক্রিয়" তে ক্লিক করে অনলাইন সাশ্রয় ট্র্যাকার-এ (Savings Tracker) যান, আপনার প্রোফাইল তৈরি করুন এবং পরিচায়ক সমীক্ষা পূরণ করুন| একবার আপনি করে ফেললে, NYC Kids RISE আপনার সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্ট-এর জন্য $25 পুরস্কার দেবে!

2 আপনার নিজের কলেজ এবং কর্মজীবন সঞ্চয় অ্যাকাউন্ট খুলুন

আপনি যখন আপনার মালিকানাধীন একটি কলেজ এবং ক্যারিয়ার সঞ্চয় অ্যাকাউন্ট খোলেন এবং এটি আপনার সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্ট-এর সাথে সংযুক্ত করেন, তখন NYC Kids RISE আপনার সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্ট-এর জন্য আরও $25 পুরস্কার দেবে। আরও জানুন: **nyckidsrise.org/options**

3 আপনার প্রথম জমা করুন

আপনার সংযুক্ত কলেজ এবং ক্যারিয়ার সেভিংস অ্যাকাউন্টে কমপক্ষে $5 জমা করুন এবং NYC Kids RISE আপনার সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্ট-এ আরও $25 পুরস্কার দেবে।

4 সঞ্চয় করতে থাকুন এবং সেভিংস ম্যাচ গ্রহণ করুন

আপনি, আপনার পরিবার, আপনার সম্প্রদায় এবং NYC Kids RISEসময়ের সাথে সাথে একসাথে সঞ্চয় করতে পারেন। আপনার সন্তানের প্রথম শ্রেণির প্রথম দিন থেকে শুরু করে পঞ্চম শ্রেণির শেষ দিন পর্যন্ত NYC Kids RISE আপনার সংযুক্ত কলেজ এবং ক্যারিয়ার সেভিংস অ্যাকাউন্টে এক এক ডলার করে সর্বোচ্চ $100 পর্যন্ত আপনার জমা করা অর্থের সাথে মেলাবে| আপনার এবং আপনার পরিবারের জন্য অর্থপূর্ণ উপায়ে সঞ্চয় করতে থাকুন। আপনার সম্প্রদায়ের সদস্যরাও কমিউনিটি স্কলারশিপ-এর মাধ্যমে আপনার সন্তানের শিক্ষায় অবদান করতে পারেন।

আপনার সন্তান তার ভবিষ্যতের শিক্ষার জন্য এই তহবিল ব্যবহার করে!

আপনার সন্তান মার্কিন যুক্তরাষ্ট্রে ও বিদেশের কিছু স্কুলে যোগ্যতাসম্পন্ন দুই ও চার বছরের কলেজ, জীবিকা ও বৃত্তিমূলক স্কুল এবং যোগ্যতাসম্পন্ন শিক্ষানবিশ প্রোগ্রামে উচ্চ শিক্ষার জন্য NYC স্কলারশিপ অ্যাকাউন্ট-এর অর্থ ব্যবহার করতে পারে।

NYC KiDS RiSE™ | Save for College Program

833-543-7473 | info@nyckidsrise.org

*যেহেতু কার্যসূচীটি 2017 থেকে শুরু করে ভৌগলিক স্কুল ডিস্ট্রিক্ট 30-এ চালিত হয়েছিল, 39টি পাইলট স্কুলের পঞ্চম-শ্রেণির শিক্ষার্থীর মাধ্যমে প্রতিটি কিন্ডারগার্টেন অংশগ্রহণের যোগ্য।

আপনার সেভ ফর কলেজ প্রোগ্রাম প্ল্যানার

আপনার সন্তান তার NYC স্কলারশিপ অ্যাকাউন্ট পাওয়ার পরে, আপনি প্রোগ্রামের মৌলিক পদক্ষেপগুলি গ্রহণ করার সময় এই ওয়ার্কশীটটি ব্যবহার করুন। আপনি বাড়িতে, ফোনে, স্কুল ইভেন্টে বা NYC Kids RISE-এর প্রতিনিধির সাথে কথা বলার জন্য অ্যাপয়েন্টমেন্ট করে এই পদক্ষেপগুলি সম্পূর্ণ করতে পারেন।

1. অনলাইনে আপনার সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্ট সক্রিয় করুন এবং দেখুন

আপনার প্রয়োজন:

- ☐ আপনার শিশুর নয়-সংখ্যার শিক্ষার্থী সনাক্তকরণ নম্বর*
- ☐ আপনার শিশুর জন্মের তারিখ
- ☐ আপনার শিশুর বর্তমান বাড়ির জিপ কোড
- ☐ আপনার ইমেল ঠিকানা

*আপনি এই নম্বরটি আপনার সন্তানের রিপোর্ট কার্ডে খুঁজে পেতে পারেন, mystudent.nyc-এ গিয়ে আপনার NYC স্কুলস অ্যাকাউন্ট (NYC Schools Account)-এ লগ ইন করে, অথবা আপনার স্কুলের অভিভাবক সমন্বয়কারীকে জিজ্ঞাসা করে।

2. আপনার সন্তানের সুবিধার জন্য একটি পারিবারিক মালিকানাধীন কলেজ এবং ক্যারিয়ার সঞ্চয় অ্যাকাউন্ট খুলুন

আপনার প্রয়োজন:

- ☐ পিতা/মাতা/অভিভাবক সামাজিক নিরাপত্তা নম্বর (Social Security Number, SSN) বা ব্যক্তিগত করদাতা শনাক্তকরণ নম্বর (Individual Taxpayer Identification Number, ITIN)
- ☐ আপনার সন্তানের এসএসএন SSN বা আইটিআইএন ITIN

3. আপনার প্রথম $5 জমা করুন

আপনার নিম্নলিখিতগুলির মধ্যে একটির প্রয়োজন হবে:

- ☐ ব্যাঙ্ক রাউটিং এবং অ্যাকাউন্ট নম্বরের তথ্য, **অথবা**
- ☐ ব্যক্তিগত চেক, **অথবা**
- ☐ মানি অর্ডার, **অথবা**
- ☐ আপনার বাছাই করা সঞ্চয় অ্যাকাউন্টের উপর নির্ভর করে, নগদ জমা করাও একটি বিকল্প হতে পারে

4. সঞ্চয় করতে থাকুন এবং সেভিংস ম্যাচ গ্রহণ করুন

আপনাকে সঞ্চয় করতে সাহায্য করার জন্যে পরামর্শ:

- ☐ $100 সেভিংস ম্যাচ সম্পূর্ণ করুন: **nyckidsrise.org/savings-match**
- ☐ সঞ্চয়ের পরামর্শ পান এবং একটি সঞ্চয়ের লক্ষ্য স্থির করুন: **nyckidsrise.org/saving-resources**
- ☐ আপনার সন্তানের কলেজ এবং ক্যারিয়ার সেভিংস অ্যাকাউন্টে অবদান করতে বন্ধু এবং পরিবারকে উৎসাহিত করুন: **nyckidsrise.org/bb3-resources**
- ☐ আপনার সন্তানের কলেজ এবং ক্যারিয়ার সঞ্চয় অ্যাকাউন্টে আপনার ট্যাক্স রিফান্ডের অংশ ভাগ করুন
- ☐ **nyc.gov/talkmoney**-এর মাধ্যমে একটি NYC আর্থিক ক্ষমতায়ন কেন্দ্রে (NYC Financial Empowerment Center) একজন আর্থিক পরামর্শদাতার সাথে একটি বিনামূল্যের অ্যাপয়েন্টমেন্টের সময় নির্ধারণ করুন, অথবা 311 এ কল করুন এবং বলুন "Financial Counseling" (আর্থিক পরামর্শ)

NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রাম পরিবার, স্কুল এবং সম্প্রদায়গুলিকে তাদের সন্তানদের ভবিষ্যতের জন্য সঞ্চয় করার জন্য একসাথে কাজ করার উপায় প্রদান করে। এটি একটি বৃত্তি এবং সঞ্চয় কর্মসূচি যা পারিবারিক আয় বা অভিবাসন অবস্থা নির্বিশেষে সমস্ত NYC পাবলিক স্কুলের শিক্ষার্থীদের জন্য কলেজ এবং কর্মজীবনের প্রশিক্ষণকে আরও অ্যাক্সেসযোগ্য এবং অর্জনযোগ্য করার জন্য ডিজাইন করা হয়েছে। সেভ ফর কলেজ প্রোগ্রাম হল এমন একটি টুল যা পরিবার, তাদের স্কুল এবং প্রতিবেশীদের সাথে, ব্যবহার করতে পারে এবং যেভাবে তাদের জীবনে সবচেয়ে ভালো মানায় এবং তাদের সন্তানদের জন্য তাদের স্বপ্নকে সর্বোত্তম সমর্থন করে সেইভাবে কাস্টমাইজ করতে পারে।